

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম জিই এম বিভাগ-১, ঢাকা।			
ডায়েরী নং- ৬৪২	তারিখঃ- ২৪/৩/২৪	প্রকৌশলীঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

নম্বরঃ ২৫.৩৬.০০০০. ২১৬.২২.২০১.১৬-৬৫৫


তারিখঃ ২১/৩/২৪ ১৪৩০
১৬ মার্চ ২০২৪

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে নিয়মিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন প্রক্রিয়া চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় প্রকল্প ব্যবস্থাপনা সহজিকরণ এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অবকাঠামো বা স্থাপনা সংক্রান্ত প্রকল্প ব্যবস্থাপনা গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মকর্তাদের জন্য প্রধান ও অপরিহার্য কাজ। এই ব্যবস্থাপনাতে সকল কর্মকর্তাকে নানাবিধ রোল বা ভূমিকা পালন করতে হয়, যেমনঃ নকশা প্রণয়ন করা, প্রাক্কলন প্রস্তুত করা, মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তব চিত্র তথ্য প্রাপ্ত/ অগ্রগতি তুলে ধরা, মনিটরিং অফিসে থেকে সেই প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন করা ইত্যাদি। সুতারাং প্রকল্প ব্যবস্থাপনাকে গতিশীল করার লক্ষ্যে Project Monitoring System (PMS) নামে একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। এই সফটওয়্যারটির মাধ্যমে পূর্বে নির্মিত HRM, DPP এবং Estimating সফটওয়্যার এর সঙ্গে ইন্টিগ্রেশন, Time Barchart এবং Quantity Barchart এর মাধ্যমে টেন্ডার কাজের অগ্রগতি পর্যালোচনা, Site Order Book মডিউল, Mobile App এর মাধ্যমে Measurement এন্ট্রি দেয়া, Approval System of Monitoring & PE অফিস, Enlistment of Individual, Business (Contractor, Subcontractor & Supplier) ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা যাবে। ফলশ্রুতিতে, প্রকল্প বাস্তবায়নে বিলম্বের প্রকৃত কারণ নিরূপণ, যথোপযুক্ত মালামাল ব্যবহার যাচাইকরণ এবং যাবতীয় সমস্যা সমাধান করে প্রকল্প সঠিকভাবে ও সঠিক গতিতে অগ্রসর করার ব্যাপারে কার্যকর সহায়তা প্রদান করা সম্ভব হবে।

ইতঃমধ্যে সফটওয়্যারটির পাইলোটিং সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। পর্যায়ক্রমে সফটওয়্যারটি সকল সুবিধা সম্বলিত একটি আন্তর্জাতিক মানের কার্যকর সিস্টেমে পরিণত হবে যা ঐতিহ্যবাহী এই অধিদপ্তরের প্রকল্প ব্যবস্থাপনাকে সুশৃঙ্খল, জবাবদিহিমূলক এবং অত্যাধুনিক করে তুলবে।

এমতাবস্থায়, সফটওয়্যারটি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।



(মোহাম্মদ শামীম আখতার)

প্রধান প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

email: ce@pwd.gov.bd

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলয় ঢাকা।
- ২) চীফ ইনোভেশন অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলয় ঢাকা।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)/(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর।
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন (ঢাকা/ ঢাকা মেট্রপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর), গণপূর্ত অধিদপ্তর।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী,....., গণপূর্ত সার্কেল.....!
- ৬) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলয় ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) নির্বাহী প্রকৌশলী,....., গণপূর্ত বিভাগ.....!

৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-০২, ঢাকা। পত্রটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

৯) গার্ড কপি।